বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোনঃ পিএবিএক্স- ৮৮-০২-৮১২৮১৭২, ৮১২৮১৭৪-৭৫, ৮১২৮১৭৭-৭৮
ফ্যাক্সঃ ৮৮-০২-৫৮১৬০২০৩, Web: www.ugc.gov.bd

স্মারক নং- বিমক/৫(৩৪)/প্রকা/২০১৮/৩২৯৩

তারিখ ঃ ০২ বৈশাখ ১৪২৫ / ১৫ এপ্রিল ২০১৯

বিষয় ঃ উচ্চশিক্ষা স্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণের নিকট হতে পাণ্ডুলিপি আহবান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষা স্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। অন্যান্য বছরের ন্যায় এবারও আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলিতে পাণ্ডুলিপিসহ আবেদনপত্র আহবান করা হচ্ছে।

শর্তাবলি

১. বাংলায় সর্বোচ্চ ১২ পয়েন্টে ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ পয়েন্টে কম্পিউটার কম্পোজ করে ৩ (তিন) কপি মূল পাণ্ডুলিপি A4 সাইজের কাগজে স্পাইরাল বা খোলা বাঁধাই করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লেখক কর্তৃক কমিশনে দাখিল করতে হবে।

২. নির্বাচিত পাণ্ডুলিপির ক্ষেত্রে পাণ্ডুলিপি প্রণেতা কর্তৃক পাণ্ডুলিপি ১/১৬ ডিমাই বা ১/৮ ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের প্রকাশনা ও তথ্য শাখায় দাখিল করতে হবে।

৩. নির্বাচিত পাণ্ডুলিপির সাইজ সাধারণভাবে ১/১৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা এবং ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাণ্ডুলিপি প্রণয়ন করা যাবে। কমিশনের নীতিমালা অনুযায়ী প্রাপ্ত পাণ্ডুলিপি নির্বাচন করা। তবে অন্য কোন প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুন:মুদ্রণ বা পুন:সংস্করণের জন্য গ্রহণ করা হবে না।

৫. পাণ্ডুলিপি দাখিলে বরনান রীতি প্রমিত নিয়ম অনুসরণ করতে হবে ও বিশেষজ্ঞের মতামত নিয়ে পাণ্ডুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া গ্রহণ করা হবে।

৬. সাধারণভাবে নির্বাচিত পাণ্ডুলিপির প্রথম প্রকাশ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি মুদ্রণ করা হবে, তবে চাহিদার পরিপ্রেক্ষিতে সর্বোচ্চ ১২৫০ (এক হাজার দুইশত পঞ্চাশ) কপি প্রকাশ করা যাবে।

৭. ইউজিসি প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পাণ্ডুলিপি সংশ্লিষ্ট বিশেষজ্ঞগণের দ্বারা মূল্যায়ন এবং আনুষঙ্গিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পাণ্ডুলিপিটি পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. পাণ্ডুলিপি পুস্তক আকারে মুদ্রণ করার পূর্বে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লেখক কমিশনের সঙ্গে 'সমঝোতা স্মারক' সম্পাদন করবেন এবং পুস্তক প্রকাশনা তহবিলের নীতিমালা অনুযায়ী লেখকের রয়্যালটি এবং বিশেষজ্ঞকে সম্মানী প্রদান করা হবে।

৯. পাণ্ডুলিপি অনুবাদের ক্ষেত্রে মূল প্রকাশকের নিকট হতে অনুমতিপত্র সংগ্রহ করে তা পাণ্ডুলিপির সাথে সংযোজন করতে হবে।

১০. বই বিপণনের ক্ষেত্রে লেখককে দায়িত্ব নিতে হবে। প্রকাশিত ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপির মধ্যে ২০০ (দুইশত) কপি অথবা ১২৫০ (এক হাজার দুইশত পঞ্চাশ) কপির মধ্যে ৫০০ (পাঁচশত) কপি বই লেখককে বিক্রয় ও বিপণনের জন্য গ্রহণ করতে হবে।

উল্লিখিত শর্তের আলোকে কমিশনের মাধ্যমে বই প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ১৫ মে ২০১৯ ইং তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে ৪ (চার) কপি পাণ্ডুলিপি কমিশনের পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত নোটিশটি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ, অনুষদ ও ইন্সটিটিউটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

১৫/৪/১৯

মো: ওমর ফারুখ
পরিচালক (চলতি দায়িত্ব)
গবেষণা সহায়তা এবং প্রকাশনা বিভাগ
ফোন: ০২-৫৮১৬০২০৮

বিতরণ ঃ

১-৪৪। রেজিস্ট্রার
ঢাকা/ রাজশাহী/ বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/ খুলনা/ জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/ শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/ চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/ সিলেট কৃষি/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/ পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/ বাংলাদেশ টেক্সটাইল/ রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামী আরবি/ চট্টগ্রাম মেডিকেল/ রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/ রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- বিমক/৫(৩৪)/প্রকা/২০১৮/

তারিখ ঃ ০২ বৈশাখ ১৪২৫ / ১৫ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি ঃ

১-৯। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন/পাবলিক বিঃ ম্যানেজমেন্ট/বেসরকারি বিশ্ববিদ্যালয়/আইএমসিটি (Website - এ upload করা সহ)/এসপিকিউএ/জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ (পত্রিকায় প্রকাশ করা সহ)/জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ), ইউজিসি, ঢাকা।
১০। একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১১-১৪। সিনিয়র সহঃ সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৬-১৭। নথি/ মহানথি।

১৫/৪/১৯

মোঃ ইউসুফ আলী খান
সিনিয়র সহকারী পরিচালক (অতি: দায়িত্ব)
গবেষণা সহায়তা এবং প্রকাশনা বিভাগ

Tahmina Rahman 18/4/19 Programmer

E:\Publication\Publication Letter.docx